DEC. 1 9 2000

দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ৮ কলাম ২

49

# বগুড়ায় সরকারী কলেজে ছাত্রলীগারদের ভর্তির নিশ্চয়তা দাবী ঃ ককটেল বিস্ফোরণ

**বগুড়া অফিস ঃ** বগুড়া সরকারী আজিজুল হক কলেজের নতুন প্রিন্সিপাল অধ্যাপক শফিকুল ইসলামের ওপর চাপ সৃষ্টির লক্ষ্যে গতকাল দুপুরে একদল ছাত্রলীগ কর্মী কলেজ প্রিন্সিপালের রুম ও কনফারেন্স রুমে তালা ঝুলিয়ে দেয়। এছাড়া এ সময় কলেজ ক্যাম্পাসে পরপর ৬/৭টি ককটেলেরও বিস্ফোরণ ঘটে।

জানা গেছে, ছাত্রলীগের কিছুসংখ্যক নেতা সম্প্রতি কলেজের প্রথম বর্ষ অনার্সে তাদের মনোনীত ২শ' ছাত্র-ছাত্রীর ভর্তির নিশ্চয়তা দাবী করে। বিদায়ী প্রিন্সিপাল আনছার রহমান খন্দকারের ওপর চাপ সৃষ্টির লক্ষ্যে ছাত্রলীগ কর্মীরা এক সপ্তাহ যাবত কলেজ ক্যাম্পাসে ককটেলবাজি করে আসছিল। গত ১৪ ডিসেম্বর উক্ত আনছার রহমান খন্দকার তার দায়িত্বভার ছেড়ে দিয়ে প্রাক-অবকাশকালীন ছুটিতে (এলপিআর) চলে গেলে পরিস্থিতি শান্ত হয়। এরপর ১৭ তারিখে কলেজের পরিস্থিতি শান্ত থাকার পর গতকাল (সোমবার) নতুন প্রিন্সিপাল হিসেবে মোঃ শফিকুল ইসলাম কার্যভার গ্রহণের কিছুক্ষণ পরই কলেজের প্রিন্সিপালের রুমসহ কনফারেন্স রুম ও অফিসে ছাত্রলীগ নেতারা তালা লাগিয়ে দেয়। পাশাপাশি ক্যাম্পাসে ৬/৭টি ককটেলের বিস্ফোরণ ঘটায়। এ ব্যাপারে

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## বগুড়া সরকারী কলেজ

৮-এর পৃষ্ঠার পর

নতুন প্রিন্সিপাল সাংবাদিকদের জানান, "তিনি বোমাবাজিতে ভীত নন- তাকে শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ দিয়েছে, কাজেই তিনি কোন দলের ভয়ে দায়িত্ব পালনে পিছু হটবেন না।"